মেহেরপুরে দ্রুতগতির বাইক দুর্ঘটনা, ২ কিশোর আহত

মেহেরপুরের শোলমারী সড়কের তেরঘরিয়া বিলের কাছে দ্রুতগামী মোটরাসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে মোঃ শাওন আলী (১৪) ও মোঃ সৌরভ
(১৭) নামের ২ কিশোর আহত হয়েছেন।

আহত মোঃ শাওন আলী সদর উপজেলা শোলমারী পাঠানপাড়া এলাকার আশরাফ আলীর ছেলে এবং মোঃ সৌরভ একই গ্রামের জিব্রাইল ওরফে জিতু’র ছেলে।

আহতদের মেহেরপুর-২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, আহতরা মোটরসাইকেল যোগে শোলমারী থেকে মেহেরপুর আসছিল। তারা মেহেরপুর শোলমারীর মাঝামাঝি তেরঘরিয়া বিলের রাস্তার পাশে পৌঁছালে মোটরসাইকেল চালক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা একটি পাওয়ার টিলারকে ধাক্কা মারে। এতে ওই দুই কিশোর আহত হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আহত শাওন আলীর অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে দুর্ঘটনায় নিহত ২

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার চাদপুর ও হরিণাকুন্ডু উপজেলার মথুরাপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় দুইজনের মৃত্যু হয়েছে। বুধবার (৯ নভেম্বর) সকাল ৭টার দিকে এ ঘটনা ঘটে।

নিহত জামাল মাহবুব (৪০) যশোর জেলার পুলের হাট এলাকার তাপসী ডাঙ্গা গ্রামের আতিয়ার রহমানের ছেলে এবং নিহত বাপ্পী শেখ (২২) ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার হাকিমপুর গ্রামের কুদ্দুস শেখের ছেলে।

স্থানীয়রা জানায়, জামালপুর জেলা থেকে জমি চাষ করার ট্রাক্টর কিনে যশোরে যাচ্ছিল জামাল মাহবুব। এসময় ঝিনাইদহের শৈলকুপার দুধসরে পৌঁছালে সামনের দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মারা যায় জামাল মাহবুব। সেসময় আহত হন তার সঙ্গে থাকা আরেকজন।

অন্যদিকে সকালে বাড়ি থেকে নসিমনে করে পাশের একটি ইটের ভাটায় যাচ্ছিলেন বাপ্পী শেখ। এসময় মথুরাপুরে পৌঁছালে নসিমনটির নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা খায় সে। পরে তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করে।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. নাছির উদ্দিন বলেন, জামাল ও বাপ্পী হাসপাতালে আসার আগেই মারা গেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে বলেন, ঘটনা দুটির ব্যপারে জেনেছি। তবে এখনো কেউ লিখিত অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় ভ্যানচালকের মৃত্যু

কুষ্টিয়ার খোকসা উপজেলার পৃথক সড়ক দুর্ঘটনায় এক ভ্যানচালক নিহত হয়েছেন। শুক্রবার কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের খোকসায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত ভ্যানচালক হেলাল উদ্দিন (৫৫) খোকসা উপজেলার শিমুলিয়া ইউনিয়নের শিমুলিয়া কুঠিপাড়া গ্রামের মৃত মোঃ রবিউল ইসলামের ছেলে।

হাসপাতাল ও পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার সকাল ১১ টার সময় কুষ্টিয়া রাজবাড়ী মহাসড়কের শিমুলিয়া ইউনিয়নের মালিগ্রাম কুষ্টিয়া থেকে ছেড়ে আসা রাজবাড়ী গামী পিকআপ ভ্যান রেজিস্ট্রেশন নং-(ঢাকা মেট্রো-ন-২০-৫৪২৫) ভ্যানচালক হেলাল উদ্দিনের ভ্যানের পিছনে সজোরে ধাক্কা দিলে ঘটনাস্থলে ভ্যানচালকের ডান হাত ভেঙে যায়।

স্থানীয় এলাকাবাসী আহত ভ্যানচালক হেলাল উদ্দিনকে উদ্ধার করে খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে আনেন। হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত ডাক্তার রোমা মুখার্জি আহত ভ্যানচালক হেলালউদ্দিনের প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

বিকেল পৌনে পাঁচটার সময় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ মোঃ আশিকুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, আহত ভ্যানচালককে চিকিৎসাধীন অবস্থায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন।

মেহেরপুরে দুর্ঘটনা রোধে মাঠে জেলা প্রশাসনের তিন ম্যাজিস্ট্রেট

সড়ক দুর্ঘটনা রোধে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে মাঠে নামলেন মেহেরপুর জেলা প্রশাসনের তিন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) দুপুরের দিকে মেহেরপুর-মহাজনপুর সড়কের সদর উপজেলার রাইপুর গ্রামে এ অভিযান চালান তারা।

মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান, আসাদুজ্জামান নুর ও গোলাম রাব্বানী পুলিশকে সাথে নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

এসময় মোটরাসাইকেলের সাথে বৈধ কাগজপত্র, চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট না থাকায় সড়ক পরিবহন আইন ২০১৮ এর বিভিন্ন ধারায় ৪ জনকে ২০০ টাকা করে মোট ৮০০ টাকা অর্থদন্ড করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী বলেন, মোটরাসাইকেল চালানোর সময় অবস্যই মোটরসাইকেলের বৈধ কাগজপত্র সাথে রাখতে হবে। চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট বাদে মোটরসাইকেল ড্রাইভিং না করা ও সড়ক আইন মেনে গাড়ি ড্রাইভ করার জন্য সবাইকে অনুরোধ করেন তারা।

ইউপি চেয়ারম্যান মতিনের ক্ষমতার দাপট?

সড়ক দূর্ঘটনা ঘটিয়েও আহতকে চিকিৎসার ব্যবস্থা না করেই ক্ষমতার দাপটে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেল তুলে নিয়ে গেলেন ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন।

দাপুটে এই মতিউর রহমান মতিন মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

জানা গেছে, মেহেরপুর শহরের মফিজুল ইসলামের ছেলে মিলন হোসেন ও শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন প্রাইভেট কারে যার নং ঢকা মেট্রো-গ- ২৮-৮৬৪৮) যোগে মেহেরপুর থেকে কুষ্টিয়া যাচ্ছিলেন। আর বেপরোয়া গতিতে প্রাইভেট কারটি চালাচ্ছিলেন নাহিদ হোসেন।

এসময় গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে রাজা মিয়া ও তার অপর বন্ধু মিলে মেহেরপুরে যাচ্ছিলেন।

গাংনী বনবিভাগের সামনে একটি ইজিবাইক ওভারটেক করার সময় প্রাইভেট কারটি এসে মোটরসাইকেলটিকে স্বজোরে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে। এতে আহত হয় মোটরাসাইকেল চালক রাজা মিয়া।

আহত রাজাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্র থেকে আজ মঙ্গলবার

(২৩ আগষ্ট) দুপুরের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত রাজার দুলাভাই গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের শিক্ষক আবু হোসেন বলেন, রাজার ডান পা ভেঙ্গে গেছে। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্র থেকে উন্নত চিকিৎসার জন্য কুৃষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

গতকাল সোমবার (২২ আগষ্ট) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকায় প্রাইভেট কারের সাথে মোটরসাইকেলের এই দুর্ঘটনা ঘটে।

আহত রাজা বলেন, মোটরসাইকেল যোগে মেহেরপুর যাওয়ার পথে গাংনী বনবিভাগের সামনে একটি ব্যটারী চালিত ইজিবাইককে ওভারটেক করার সময় সামনের দিক থেকে আসা দ্রæতগামী প্রাইভেট কার আমাদের এসে ধাক্কা দিলে রাস্তার পাশে ছিটকে পড়ি।

এসময় আমাকে স্থানীয়রা তুলে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করছিল। ওই প্রাইভেট কারের ভিতরে থাকা যাত্রীরা আমাকে কোনো ধরণের সহযোগীতা না দিয়ে আমার গাড়িটি ছিনিয়ে নিয়ে চলে যায়। এসময় কিছু মানুষ তাকে বাধা দিলেও জোর করে গাড়ি ছিনিয়ে নিয়ে চলে যায়।

শিক্ষক আবু হোসেন বলেন, দুর্ঘটনায় আমার শ্যালক রাজা মিয়া মারাত্বক আহত হলেও তাকে চিকিৎসার ব্যবস্থা না করেই জোর করে মোটরাসাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যায় এই চেয়ারম্যান।

প্রত্যক্ষদর্শি সাগর ও জামান হোসেন জানান, প্রাইভেট কারটির গতি বেপরোয়া থাকলেও ভিতরে থাকা যাত্রী নিজেকে শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পরিচয় দিয়ে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি নিয়ে চলে যায়। আমরা বাঁধা দিলে সে নিজেকে চেয়ারম্যান ও মন্ত্রীর পরিচয় দিয়ে আমাদের ভয়ভীতি দেখায়।

এঘটনায় চেয়ারম্যান মতিউর রহমান মতিন বলেন, মোটরসাইকেল আরোহীরা ছিল মাদকাসক্ত। তারা বেপরোয়া গতিতে এসে আমাদের প্রাইভেট কারের সামনের অংশ ভেঙ্গে দিয়েছে। এখানে প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তাই মোটরসাইকেল নিয়ে এসে আমার ইউনিয়ন পরিষদে রেখে দিয়েছি।ইউনিয়ন পরিষদের বসেই তাদের বিচার হবে। প্রাইভেট কার মেরামতের ২ লক্ষ

টাকা জরিমানা নিয়ে তারপর গাড়ি দেওয়া হবে। আহতকে চিকিৎসার ব্যবস্থা না করে মোটরসাইকেল তুলে নিয়ে আসলেন কেনো এমন প্রশ্নের জবাব দেননি চেয়ারম্যান মতিন।

এঘটনায় আহত রাজা বাদি হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছে। অভিযোগপত্রটি পাওয়ার পরে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ চেয়ারম্যান মতিনের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি নিজেকে মন্ত্রীর লোক পরিচয় দিয়ে বলেন, ওদেরকে আমার ইউনিয়ন পরিষদে পাঠিয়ে দেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি আমার কানে আসার পর আমি খোঁজ খবর নিয়েছি। বিষয়টি মিমাংসার জন্য তাগিদ দেওয়া হয়েছে।

গাংনীতে রাস্তায় হাট জনদুর্ভোগ চরমে বড় দুর্ঘটনার আশংকা

সরকার কর্তৃক অনুমোদিত ভাটাপড়া বাজারে প্রায় কোটি টাকা ব্যায়ে সেডসহ বিল্ডিং নির্মাণ করা হলেও মাছ ব্যবসায়ীরা সেটি ব্যবহার করছেন না। দেড় বছর ধরে তারা সড়কের ওপরে রমরমা ভাবে বেচা বিক্রি চালিয়ে যাচ্ছেন।

সড়কের ওপর ব্যবসা খুলে বসায় পথচারিদের পোহাতে হচ্ছে নানা ভোগান্দি। সেই সাথে বড় ধরনের দুর্ঘটনার আশংকাও করা হচ্ছে। তবে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিষয়টি দেখা হবে বলে জানানো হয়েছে।

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া বাজারে কোাট টাকা ব্যায়ে নির্মান করা হয়েছে ব্যবসায়ীদের জন্য একটি দৃষ্টি নন্দন বিল্ডিং ও সেড। সপ্তাহের প্রতি রবিবার ও বুধবার দু,দিন এখানকার হাট বসে। সকল ব্যবসায়ীদের জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করা হলেও মাছ ব্যবসায়ীরা রাস্তায় হাট বসাচ্ছেন। মাছ ব্যবসায়ীরা রাস্তায় ব্যবসা করার কারনে যানজটের সৃষ্টি হচ্ছে। মাছ

ব্যবসায়ীদের সাথে পথচারিদের বাকবিতন্ড লেগেই আছে।

মেহেরপুরের লেগুনা চালক আশরাফুল ইসলাম জানান,প্রতি রবি ও বুধবার রাস্তা দখল করে হাট বসানোর কারনে যানজট তৈরী হচ্ছে। এতে আমাদের সময় বেশি লাগছে এবং লেট ফাইন দিতে হচ্ছে। বাজারের সরকারি হাটের নির্দিষ্ট জায়গাতে হাট বসানোর জন্য দাবী করেন এই চালক।

ট্রাক চালক তারেক হোসেন জানান, রাস্তার দুই ধারে প্যালাসাইড দিয়েছিল সড়ক ও জনপদ বিভাগ। সেই সব প্যালাসাইড তুলে ফেলে দিয়েছে মাছ ব্যবসায়ীরা। প্রায় দেড় বছর ধরে রাস্তা দখল করে রেখেছে মাছ ব্যবসায়ীরা। যেন দেখার ও বলার কেই নেই।
আলমসাদু চালক হাসান জানান, আমি যাত্রী নিয়ে গাংনী থেকে মেহেরপুর যাচ্ছিলাম। ভাটপাড়া বাজারে এসে পৌঁছালে মাছ ব্যবসায়ীরা আমার যাত্রীদের সাথে খারাপ আচরণ করে। ভাটপাড়া বাজার সংলগ্ন জন গুরুত্বপুর্ণ রাস্তাটি দখলমুক্ত করা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটবে বলে আশংকা প্রকাশ করেন তিনি।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনা বলেন, রাস্তায় প্রতিবন্ধকতা করে মাছ ব্যবসায়ীরা ব্যবসা করছেন। এতে সড়ক দুর্ঘটনা ঘটতে পারে এমনকি কারো প্রাণহানিও হতে পারে। গাংনী উপজেলা প্রশাসন দ্রত ব্যবস্থা না নিলে জনদুর্ভোগ বাড়বে এবং বড়ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, আমি বিষয়টি নিয়ে হাট ইজারাদারদের সাথে বসে সমাধানের চেষ্টা করবো।

কুয়াকাটা ঘুরতে গিয়ে সড়ক দুর্ঘটনায় গাংনীর হাফিজুল নিহত

নিমেষই বিষাদে পরিনত হলো সব আনন্দ। কিছুক্ষণ পূর্বেও যে মানুষটি সকলের সামনে হাসছিলো, সকলের সাথে তাল মিলিয়ে করছিল আনন্দ। মূহূর্তেই তার নিথর দেহ রাস্তায় পড়ে রইলো।

রাস্তা পার হওয়ার সময় যাত্রীবাহী দুরপাল্লার একটি দ্রূতগামী বাস তাকে স্পৃষ্ট করে চলে যায়। বরিশালে সড়ক দূর্ঘটনায় গাংনী উপজেলার হিজলবাড়ীয়া গ্রামের হাফিজুল ইসলাম নিহত হওয়ার ঘটনা এভাবে বর্ণনা করলেন অপর সঙ্গী বজলুর রহমান।

গতরাত সাড়ে ১১ টার সময় কুয়কটা-পদ্মসেতুর হাইওয়ে রাস্তার উজিরপুর জয়শ্রী নামক স্থানে গ্রীণল্যান্ড সেন্টমার্টিন পরিবহনের একটি বাসের ধাক্কায় ঘটনাস্থলেই নিহত হন হাফিজুল।

নিহত হাফিজুল ইসলাম (৪২) গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের ইউসুব আলী ফকিরের ছেলে। ২ সন্তানের জনক হাফিজুল পেশায় দর্জি।

বজলুর রহমান জানান, গ্রামের প্রায় ৪০ জন যুবক কুয়াকাটা ভ্রমণের জন্য একটি বাসে করে গতকাল মঙ্গলবার (১৬ আগষ্ট) বেলা ২ টার সময় বের হই। রাতে ১১ টার দিকে কুয়াকাটা – পদ্মাসেতুর ওই রাস্তার পাশে একটি খাবারের হোটেলে রাতের খাবার খাই। আমরা সবাই বাসের মধ্যে অপেক্ষা করছিলাম।

হাফিজুল এসময় রাস্তার অপরদিকে একটি তেলপাম্পের টয়লেট থেকে ফিরছিলেন। এসময় দ্রূতগামী বাস তাকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই মারা যান হাফিজুল। পরে তার মরদেহ নিয়ে আমরা আবারো ফিরে এসেছি। জানালেন বজলুর রহমান।

দামুড়হুদায় কাঠ বোঝায় পাওয়ার টিলার উল্টে চালক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় কাঠ বোঁঝাই পাওয়ার টিলার নিচে পড়ে চালক শামিম হোসেন (২২) নিহত ।

আজ ৮ জুলাই শুক্রবার সকাল ৬টার দিকে দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে এই দুর্ঘটনা ঘটে। নিহত শামিম হোসেন জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

নিহতের ভাই শাওন হোসেন বলেন, ফজরের আজানের সময় তার ভাই কাঠ

বোঝাই পাওয়ার টিলার নিয়ে আলমডাঙ্গার দিকে যাচ্ছিল। এমন সময় জীবননগর-চুয়াডাঙ্গা মহাসড়কের দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে পৌছালে অতিরিক্ত কাঠ বোঁঝায় পাওয়ার টিলারের একসেল ভেঙ্গে পাওয়ার ট্রিলারের নিচে পড়ে শরীর থেকে ডান পা বিচ্ছিন ও মাথায় প্রচন্ড আঘাত পেয়ে ঘটনা স্থলেই মারা যায়। খবর পেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অতিরিক্ত কাঠ বোঝাঁয়ের কারনে একসেল ভেঙ্গে এই দুর্ঘটনা ঘটেছে।

মেহেরপুরের ধলাই সড়ক দুর্ঘটনায় আহত -১

গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামে ধলার মোড়ে মোটরসাইকেলের ধাক্কায় হবিদেন নামের এক কৃষক আহত হয়েছেন।

আজ শনিবার বিকাল সাড়ে তিনটার দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, মাঠ থেকে মহিষ চড়িয়ে বাড়ি ফেরার সময় এ দুর্ঘটনা ঘটে। আত্মীয়রা জানান, একটি মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে পাশ থেকে তাকে ধাক্কা দেয়।

দুর্ঘটনায় হবিদেন আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে। হবিদেন একজন মহিষ পালক ও কৃষক বলে জানা যায়। তিনি গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের হযরত আলীর ছেলে।

তিনি এখন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

গাংনীতে পৃথক দুর্ঘটনায় আহত ৩

মেহেরপুরের গাংনী উপজেলার পৃথক স্থানে পৃথক দুর্ঘটনায় নারীসহ তিন জন আহত হয়েছে। আহতরা হলো গোপালনগর গ্রামের অটো চালক ওয়াহেদ (৬২), আলেপের মেয়ে হোসনে আরা(২৫) ও নওপাড়া গ্রামের মৃত ইয়াকুবের ছেলে জয়নাল।

সোমবার সকাল সাড়ে দশটার দিকে গাংনী-হাটবোয়ালিয়া রোডের র্যাব ক্যাম্পের সামনে একটি অটোগাড়ি সামনে থাকা আলগামনকে ধাক্কা দিলে অটোগাড়ির চালকসহ হোসনে আরা নামের ঐ যাত্রি আহত হয়। এতে চালকের পায়ে জখম হয় ও নারী যাত্রির মাথায় ও দেহের বিভিন্ন স্থানে আঘাত প্রাপ্ত হয়।

এদিকেএকই উপজেলার নওপাড়া গ্রামে জয়নাল গমের হপারে ফিতা পরাতে গেলে অসাবধানতাবশত হাত মেশিনের ভিতর চলে গেলে হাতের দুটো আঙ্গুল বিচ্ছিন্ন হয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরতা চিকিৎসক আহত জয়নালকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজে রেফার্ড করেন। বাকিরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।
- গাংনী প্রতিনিধি